# Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 29 June, 2025

মাসব্যাপী ‘বৃক্ষরোপণ অভিযান ২০২৫’-এর অংশ হিসেবে বৃক্ষরোপণ ও চারা বিতরণ কর্মসূচি পালন করেছে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) শাখা। রবিবার (২৯ জুন) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে চারা রোপনের মাধ্যমে এই কর্মসূচির উদ্ভোদন করেন তারা।

এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবিরের সভাপতি আরিফুল ইসলাম, সেক্রেটারি আরিফুর রহমান সৈকতসহ অন্য সদস্যরা।

এসময় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবিরের সেক্রেটারি আরিফুর ইসলাম সৈকত বলেন, "একটি হলেও বৃক্ষরোপণ করব জনে জনে, সবুজ দেশের সুস্থ বাতাস লাগুক সবার প্রাণে ” এই অঙ্গীকারকে সামনে রেখে আমরা গাছের চারা রোপণ করে পরিবেশ রক্ষায় আমাদের ক্ষুদ্র কিন্তু অর্থবহ ভূমিকা রাখার চেষ্টা করেছি। ইসলাম আমাদের শেখায় “যদি তোমাদের কারো হাতে একটি চারা থাকে এবং কেয়ামত সংঘটিত হতে থাকে, তবুও যদি সে তা রোপণ করতে সক্ষম হয়, তবে সে যেন তা রোপণ করে।’

তিনি আরো বলেন, বর্তমান সময়ের পরিবেশ সংকট, বৈশ্বিক উষ্ণতা ও জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে বৃক্ষরোপণ একটি সময়োপযোগী ও অত্যাবশ্যক উদ্যোগ।

আমরা বিশ্বাস করি,  আজকের একটি চারাই হতে পারে আগামী দিনের জীবনের নিরাপত্তা। ছাত্রশিবির সবসময়ই সমাজ ও দেশের কল্যাণে কাজ করে এসেছে এবং আগামীতেও

পরিবেশবান্ধব, নৈতিকতাভিত্তিক সমাজ গঠনে দায়িত্ব পালন করে যাবে ইনশাআল্লাহ।

বিশ্ববিদ্যালয় বৃক্ষরোপণ ছাত্রশিবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 08:55

URL: https://www.timestodaybd.com/campus/7758073926